

# রেজিস্ট্রারকে সাময়িক অব্যাহতি দিল মাভাবিপ্রবি প্রশাসন

টান্ডাইল প্রতিনিধি

২৫ সেপ্টেম্বর ২০২৫, ০২:৫২ পিএম



ড. মোহাম্মদ তৌহিদুল ইসলাম। ছবি: সংগৃহীত

টান্ডাইলের মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (মাভাবিপ্রবি) শিক্ষার্থীদের দাবির মুখে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোহাম্মদ তৌহিদুল ইসলামকে সাময়িকভাবে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। একই সঙ্গে আইসিটি বিভাগের অধ্যাপক ড. সাজ্জাদ ওয়াহিদকে অস্থায়ীভাবে রেজিস্ট্রারের দায়িত্ব প্রদান করা হয়েছে।

গত মঙ্গলবার দুপুরে শিক্ষার্থীরা জুলাই-আগস্ট আন্দোলনের বিরোধিতাকারী রেজিস্ট্রার ও সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তাদের বিচারের দাবিতে রেজিস্ট্রার অফিসে তালা দেন এবং ভাইস-চ্যান্সেলরের কাছে দুই দফা দাবি উত্থাপন করেন।

এর মধ্যে ছিল বিচার কমিটি গঠন না হওয়া এবং রেজিস্ট্রারকে সাময়িক অব্যাহতি না দেওয়া পর্যন্ত রেজিস্ট্রার অফিস তালাবদ্ধ রাখা এবং গতকাল বুধবারের মধ্যে মাভাবিপ্রবি কেন্দ্রীয় ছাত্র সংসদ (মাকসু) গঠনের রোডম্যাপ প্রকাশ।

যদিও পরে ছাত্রদল ও শিবির তালা খুলে দিলে শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভ দেখা দেয়। তারা পুনরায় বুধবার তালা ঝুলিয়ে দেন। পরবর্তীতে উপাচার্যের সঙ্গে আলোচনার ভিত্তিতে শিক্ষার্থীরা শর্তসাপেক্ষে তালা খুলে দেন।

এদিকে গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের ডিন, চেয়ারম্যান, প্রভোস্ট ও অফিস প্রধানদের উপস্থিতিতে অনুষ্ঠিত জরুরি বৈঠকে বিশ্ববিদ্যালয় আইন ২০০১ এর অনুচ্ছেদ ১১ (১২) মোতাবেক রেজিস্ট্রারের বিরুদ্ধে তদন্ত কমিটি গঠন করা হয় এবং তাকে নিয়মিত দায়িত্ব থেকে বিরত রাখা হয়।

এ সিদ্ধান্তের মাধ্যমে শিক্ষার্থীদের দাবি আংশিকভাবে পূরণ হলো বলে জানিয়েছেন আন্দোলনকারী শিক্ষার্থীরা।